

🗏 আলে-ইমরান | Al-i-Imran | آل عِمْرَان

আয়াতঃ ৩ : ১৩১

আরবি মূল আয়াত:

وَ اتَّقُوا النَّارَ الَّتِي أُعِدَّت لِلكَفِرِينَ ﴿١٣١﴾

আর তোমরা আগুনকে ভয় কর, যা কাফিরদের জন্য তৈরি করা হয়েছে। — আল-বায়ান
ভয় কর সেই আগুনকে, যা কাফিরদের জন্য প্রস্তুত করা হয়েছে। — তাইসিরুল
আর তোমরা সেই জাহান্নামের ভয় কর, যা অবিশ্বাসীদের জন্য প্রস্তুত রাখা হয়েছে। — মুজিবুর রহমান

And fear the Fire, which has been prepared for the disbelievers. — Sahih International

- ১৩১. আর তোমরা সে আগুন থেকে বেঁচে থাক যা কাফেরদের জন্য প্রস্তুত রাখা হয়েছে।(১)
 - (১) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমাদের সবার সাথে আল্লাহ তা'আলা এমনভাবে কথা বলবেন যে, তার ও আল্লাহর মাঝে কোন অনুবাদকারী থাকবে না। তারপর প্রত্যেকে তার সামনে তাকিয়ে কিছুই দেখতে পাবে না। অতঃপর সামনে তাকিয়ে দেখবে যে, জাহান্নাম তাকে অভ্যর্থনা জানাতে এগিয়ে আসছে। সুতরাং তোমাদের কেউ যেন একটি খেজুরের অংশ বিশেষ দিয়ে হলেও জাহান্নাম থেকে নিজেকে বাঁচায়।" [বুখারী: ৬৫৩৯]

তাফসীরে জাকারিয়া

(১৩১) তোমরা সেই আগুনকে ভয় কর, যা অবিশ্বাসীদের জন্য প্রস্তুত রাখা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=424

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন